

শুমারিকর্মী (লিফ্টিংকারী/তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার) নির্বাচন সংক্রান্ত বিজ্ঞপ্তি


বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর অর্থনৈতিক শুমারি-২০২৩ প্রকল্পের ২৮ ডিসেম্বর ২০২৩ খ্রি. তারিখের ৫২.০১.০০০০.৬৩৫.১১.০০২.২৩-০৬৯ নম্বর পত্রের নির্দেশনা অনুসারে ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন অর্থনৈতিক শুমারি-২০২৪ এর লিফ্টিং অপারেশন ও মূল শুমারির তথ্য সংগ্রহের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রক্রিয়ায় সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে শুধুমাত্র রামগঞ্জ উপজেলায় স্থায়ীভাবে বসবাসকারী বেকার নারী/পুরুষ এবং ছাত্র/ছাত্রীদের মধ্য থেকে শুমারিকর্মী (লিফ্টিংকারী/তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার) পদে নির্বাচিত করা হবে। নির্বাচিত শুমারিকর্মীগণ প্রকল্পের সংস্থান অনুসারে সম্মানী/ভাতা (ড্যাট/ট্যাক্স কর্তনপূর্বক) প্রাপ্য হবেন।

নির্বাচন প্রক্রিয়া :

১. সদর দপ্তর হতে সরবরাহকৃত জনশুমারি ও গৃহগণনা-২০২২ এ দায়িত্ব পালনকারী শুমারিকর্মীদের (তথ্য সংগ্রহকারী/সুপারভাইজার/আইটি সুপারভাইজার) তালিকা থেকে অপেক্ষাকৃত দক্ষতা, পারদর্শিতা ও সততার সাথে দায়িত্ব পালনকারী শুমারিকর্মীদের সমন্বয়ে উপজেলা নির্বাহী অফিসারের সভাপতিত্বে গঠিত উপজেলা শুমারিকর্মী নির্বাচন কমিটি অর্থনৈতিক শুমারি-২০২৪ এর জন্য প্রয়োজনীয় সংখ্যক শুমারিকর্মী (অপেক্ষমান তালিকাসহ) নির্বাচন করবেন।
২. পরবর্তী আরও শুমারিকর্মী প্রয়োজন হলে উল্লিখিত পত্রের দিকনির্দেশনা মোতাবেক উপজেলা নির্বাহী অফিসারের সার্বিক তত্ত্বাবধানে পরিসংখ্যান কর্মকর্তা/জোনাল অফিসারগণ শুমারিকর্মী নির্বাচন করবেন।

অন্যান্য শর্তাবলী :

০১. CAPI (Computer Assisted Personal Interviewing) পদ্ধতিতে বিবিএস কর্তৃক পরিচালিত জনশুমারি ও গৃহগণনা-২০২২ এ অংশগ্রহণকারী শুমারিকর্মীদের অগ্রাধিকার প্রদান করা হবে। সংশ্লিষ্ট মৌজা/মহল্লার প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।
০২. শুমারিকর্মীদের শিক্ষাগত যোগ্যতা কমপক্ষে এইচএসসি/উচ্চ মাধ্যমিক বা সমমান পাশ হতে হবে। তবে স্নাতক/তদুর্ধ্ব ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেওয়া হবে।
০৩. দক্ষ ও সৎ নারী শুমারিকর্মীদের অগ্রাধিকার দেওয়া হবে।
০৪. শুমারিকর্মীদের বয়স ১৮-৩৫ এর মধ্যে হতে হবে। অভিজ্ঞ শুমারিকর্মীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য হবে।
০৫. সুপারভাইজার এবং তথ্যসংগ্রহকারীগণ আবশ্যিকভাবে নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং স্মার্টফোন পরিচালনায় দক্ষ হতে হবে।
০৬. কেবলমাত্র বেকার ও ছাত্র/ছাত্রীগণ শুমারিকর্মী হিসেবে কাজ করবেন। স্থায়ী ভিত্তিতে চাকুরিরত অথবা অন্য কোনো পেশায় নিয়োজিত ব্যক্তি প্রাথমিকভাবে নির্বাচিত হলেও বিষয়টি দৃষ্টিগোচর হওয়া মাত্রই তাদের নিয়োগ বাতিল করা হবে।
০৭. অর্থনৈতিক শুমারি-২০২৪ এর শুমারিকর্মী নির্বাচন এবং নিয়োগ বাতিল করার অধিকার উপজেলা শুমারিকর্মী নির্বাচন কমিটি সংরক্ষণ করবে। এ বিষয়ে কোনো তদবির/সুপারিশ গ্রহণযোগ্য হবে না।
০৮. নির্বাচিত শুমারিকর্মী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে অস্বীকারী মন বলে গণ্য হবেন এবং তাদের নিয়োগ তাৎক্ষণিক বাতিল হবে।
০৯. অর্থনৈতিক শুমারি-২০২৪ এর জন্য নির্বাচিত শুমারিকর্মীদের (লিফ্টিংকারী/তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার) তালিকা আগামী ২১ জানুয়ারি ২০২৪ খ্রি. তারিখের মধ্যে উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের নোটিশবোর্ড, ফেসবুক পেইজ এবং ওয়েবপোর্টালে পাওয়া যাবে। এছাড়াও নির্বাচিত শুমারিকর্মীদের সাথে উপজেলা পরিসংখ্যান কার্যালয় হতে যথাসময়ে যোগাযোগ করা হবে।


(মোছাঃ শারমিন ইসলাম)

উপজেলা নির্বাহী অফিসার
রামগঞ্জ, লক্ষ্মীপুর

ও

সভাপতি

অর্থনৈতিক শুমারি-২০২৪ এর শুমারিকর্মী নির্বাচন কমিটি
রামগঞ্জ, লক্ষ্মীপুর




নম্বর-৫২.০১.৫১৬৫.০০০.৩১.০০২.২০-০০৮/১(৮)

তারিখ: ১১/০১/২০২৪ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

১. প্রকল্প পরিচালক, অর্থনৈতিক শুমারি-২০২৩ প্রকল্প, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা
২. জেলা প্রশাসক, লক্ষ্মীপুর
৩. যুগ্মপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, চট্টগ্রাম
৪. উপপরিচালক, জেলা পরিসংখ্যান কার্যালয়, লক্ষ্মীপুর
৫. মেয়র, রামগঞ্জ পৌরসভা, রামগঞ্জ, লক্ষ্মীপুর
৬.কর্মকর্তা ও সদস্য, অর্থনৈতিক শুমারি-২০২৪ এর শুমারিকর্মী নির্বাচন কমিটি, রামগঞ্জ, লক্ষ্মীপুর
৭. চেয়ারম্যান (সকল),ইউনিয়ন পরিষদ, রামগঞ্জ, লক্ষ্মীপুর
৮. অফিস নথি/ওয়েবপোর্টাল/নোটিশ বোর্ড/ফেসবুক পেইজ


১১.০১.২০২৪ খ্রি.
(মীর আন-নাঈমুস সাকিব)
পরিসংখ্যান কর্মকর্তা
ও
সদস্য-সচিব
অর্থনৈতিক শুমারি-২০২৪ এর শুমারিকর্মী নির্বাচন কমিটি
রামগঞ্জ, লক্ষ্মীপুর